



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও  
www.tgc.edu.bd  
শিক্ষক পরিষদের সভার কার্য বিবরণি



সভা নং	:	০৬/২০২০ খ্রি.
সভার তারিখ	:	০৪/১০/২০২০ খ্রি.
সময়	:	বেলা ১১:৩০ টা
সভার স্থান	:	শিক্ষক মিলনায়তন
সভাপতি	:	প্রফেসর আবুল খায়ের মোঃ আব্দুল মজিদ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

অদ্য ০৪/১০/২০২০ তারিখের সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। সভায় আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্যসূচি ও সিদ্ধান্ত :**

আলোচ্যসূচী : ১। পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ পঠন ও নিশ্চিতকরণ।

সিদ্ধান্ত : পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ শেষে নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি : ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রাপ্ত নির্দেশনাসমূহ অবহিতকরণ প্রসঙ্গে।

সিদ্ধান্ত : উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত নির্দেশনাসমূহ সম্মানিত শিক্ষকগণকে অবহিত করা হয় এবং সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

(i) সম্মানিত শিক্ষকবৃন্দ নিয়মিত কলেজে উপস্থিত হবেন।

(ii) অনলাইন ক্লাসসমূহ চালু রাখা হবে।

(iii) কলেজ ক্যাম্পাস, ক্লাসরুম ও ল্যাবরেটরী পরিচ্ছন্ন রাখা হবে।

(iv) ছাত্র-ছাত্রীরা অনলাইন ক্লাসে যুক্ত হচ্ছে কি না তা মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি : ৩। একাডেমিক আলোচনা।

সিদ্ধান্ত : (i) অনলাইন ক্লাসের রুটিন অনুযায়ী ক্লাসসমূহ গ্রহণ করতে হবে।

(ii) কলা ভবনের নিচ তলায় রুমটি অনলাইন ক্লাস স্টুডিও হিসেবে ব্যবহৃত হবে।

(iii) কলেজে উপস্থিত হয়ে অনলাইন ক্লাসসমূহ গ্রহণ করতে হবে।

আলোচ্যসূচি : ৪। বিবিধ।

সিদ্ধান্ত : (i) বিজ্ঞান বিভাগের উন্নয়নে ল্যাবের জন্য ন্যূনতম খরচে বাজেট প্রণয়ন করা হবে।

(ii) কলেজের প্রশাসনিক ভবনের সামনে একটি ফুলের বাগান করা হবে এবং তা ৩য় শ্রেণীর কর্মচারীরা বাস্তবায়ন করবে ও কাজটি মনিটরিং এর জন্য সম্মানিত শিক্ষকগণের সমন্বয়ে কমিটি গঠন করা হবে।

(iii) স্টোরের অপ্রয়োজনীয় কাগজ ও ব্যবহার অনুপযোগী আসবাবপত্র সংরক্ষণের জন্য ব্যবসায় শিক্ষা ভবনের পূর্বপাশে একটি টিনসেড নির্মাণ করা হবে।


(iv) মসজিদের প্রয়োজনীয় সংস্কার করা হবে।


(v) শিক্ষক পরিষদের পেছনে ০২টি ও টি রুমে ০১টি ফ্যান লাগানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

(vi) ছাত্র-ছাত্রীদের এসএমএস এর মাধ্যমে ক্লাসের যোগদানের বিষয়ে অবহিত করণ করা হবে।

(vii) শিক্ষক মিলনায়তনের বাথরুম প্রয়োজনীয় সংস্কার করা হবে।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(প্রফেসর আবুল খায়ের মোঃ আব্দুল মজিদ)  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও  
সভাপতি  
শিক্ষক পরিষদ  
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

  
(প্রফেসর মোঃ আব্দুল মজিদ)  
সম্পাদক  
শিক্ষক পরিষদ  
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।